

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
পরিদর্শক এর দপ্তর
www.dme.gov.bd

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০১.০০২.১৭.৫২

তারিখ: ৪ চৈত্র ১৪২৪

১৮ মার্চ ২০১৮

বিষয়: গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার সালদৈ ফায়িল মাদরাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) ও সহকারী গ্রন্থাগারিক পদে এমপিওভুক্ত প্রসঙ্গে।

সূত্র: ০১. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০১০.০১.০০৩.১৬- ০৪, তারিখঃ ১৯.০১.২০১৭ খ্রি।

০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কাপাসিয়া, গাজীপুরের স্মারক নং-৩৭.০২.৩৩৩৬.০০০.৯৯.০১.১৭-৯৬, তারিখ: ২৪.০৪.২০১৭খ্রি:

০৩. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০১০.০১.০০৩.১৬- ৫৯, তারিখঃ ১৫.০৬.২০১৭ খ্রি।

০৪. শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ (মাদরাসা শাখা-২)এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩১.১৭-২১৮, তারিখ : ২০.০৭.২০১৭খ্রি:।

০৫. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০০.০১.০০২.১৭-৩১ তারিখঃ ১৫.১১.২০১৭ খ্রি:।

০৬. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুরের স্মারক নং-০৫.৪১.৩৩৩৬.০০০.২৭.০০১.১৭-১১৩ তারিখঃ ০৬.০২.২০১৮ খ্রি:।

০৭. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০১০.০১.০০৩.১৬- ৪২, তারিখঃ ০৩.০৭.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার সালদৈ ফায়িল মাদরাসার অধ্যক্ষ জনাব মাওঃ মোঃ তাজুল ইসলাম বিধি বহির্ভূতভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সহযোগীতায় ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা উৎকচ গ্রহণ করে ০২ জন শিক্ষক নিয়োগ করে এমপিও করার জন্য কার্যক্রম গ্রহণ করছেন মর্মে জনৈক জনাব মোঃ মোকলেছ মোল্লা, সহ-সভাপতি, সালদৈ ফাজিল মাদরাসা, কাপাসিয়া, গাজীপুর, কর্তৃক মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর একটি অভিযোগ আবেদন দাখিল হয়।

০২. উক্ত অভিযোগের ভিত্তিতে বর্ণিত বিষয়টি তদন্ত ক্রমে প্রতিবেদন দেয়ার জন্য সূত্রে বর্ণিত ০১নং স্মারক পত্রের মাধ্যমে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং বিষয়টি সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হয়।

০৩. কাপাসিয়া উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক সূত্রে উল্লেখিত ০২ নং স্মারক পত্রের মাধ্যমে বিষয়টি তদন্ত করে প্রমাণকসহ প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। উক্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, উত্থাপিত কোন অভিযোগ প্রমাণিত হয় নি। অভিযোগ আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত নিয়োগ কার্যক্রম সম্পর্কিত কিছু বিষয়ে স্পষ্টি করণ প্রয়োজন হয়। স্পষ্টি করণ সংক্রান্ত বিষয় গুলি উল্লেখপূর্বক সূত্রে উল্লেখিত ০৩ ও ০৭ নং স্মারক পত্রের মাধ্যমে সালদৈ ফায়িল মাদরাসার অধ্যক্ষকে, প্রমাণকসহ জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়।

০৪. অধ্যক্ষ কর্তৃক প্রমাণকসহ জবাব দাখিল করা হয়েছে। উক্ত পত্রে অধ্যক্ষ কর্তৃক উল্লেখ করা হয়েছে যে সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ নির্দেশনা ঠার (অধ্যক্ষ) গোচরে না থাকায় কিছু ছোট খাট ত্রুটি হয়েছে। এরূপ ত্রুটির পুনরাবৃত্তি হবেনা মর্মে অধ্যক্ষ কর্তৃক অংগীকার করা হয়েছে।

০৫. অপরদিকে একই অভিযোগ সূত্রে উল্লেখিত ০৪ নং স্মারক পত্রের মাধ্যমে এ অধিদপ্তরে দাখিল হয়। অভিযোগটি সূত্রে উল্লেখিত ০৫ নং স্মারক পত্রের মাধ্যমে কাপাসিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসারকে তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হয়। কাপাসিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার অভিযোগটি সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন ০৬ নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে অত্র অধিদপ্তরে দাখিল করেন। উপজেলা নির্বাহী অফিসার তাঁর (তদন্ত কর্মকর্তা) প্রতিবেদনে উল্লেখ করেন যে, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ইতোমধ্যে সংগঠিত সকল বিভেদ ভুলে একসাথে কাজ করার লক্ষে উভয় পক্ষ ঐক্যমত পোষণ করেন। উভয় পক্ষের উপস্থিতিতে সংশ্লিষ্ট অভিযোগ সমূহের বিষয়ে মৌখিক ও লিখিত (৫০ পঞ্চাশ টাকার স্ট্যাম্প) আলোচনায় সমাধান হয়েছে।

০৬. উভয় তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় পক্ষগণের মধ্যে ভুল বুঝাবুঝি (Mistake of facts) হওয়ায় অভিযোগ আবেদন দাখিল হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

০৭. এমতাবস্থায় জনাব পারুল আক্তার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) ও জনাব মাহমুদুর রহমান, সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ প্রাপ্তদের (নিয়োগে অন্য কোন ত্রুটি না থাকলে) এমপিওভুক্ত করলে কোন বাধা নেই মর্মে প্রতীয়মান। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



১৮-৩-২০১৮

ইমন আমির
পরিদর্শক

আঞ্চলিক উপপরিচালক

বিদ্যালয় ও পরিদর্শন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০০.০১.০০২.১৭.৫২/১(৪)

তারিখ: ৪ টেত্র ১৪২৪
১৮ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, গাজীপুর
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কাপাসিয়া, গাজীপুর
- ৩) হাফেজ মো: তাজুল ইসলাম, অধ্যক্ষ, সালদৈ ফায়িল মাদরাসা, কাপাসিয়া, গাজীপুর।
- ৪) অফিস কপি



১৮-৩-২০১৮

ইমন আমির
পরিদর্শক